# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin
**Date 21-06-2025 Time: 7.50 P.M.**

---

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, যোগব্যায়াম শুধুমাত্র শারীরিক কসরত নয়, এটি জীবনধারনেরও উপায়।

রাজ্যের বিভিন্ন প্রান্তে যোগ দিবস উদযাপনের খবর পাওয়া গেছে।

২) নিম্নচাপ জনিত বৃষ্টি ও ডিভিসির ছাড়া জলে রাজ্যের কয়েকটি জেলায় কৃষি জমি সহ বিস্তীর্ণ এলাকা জলমগ্ন।

৩) হুগলীর গোঘাটে বিজেপি নেতা শেখ বাকিবুল্লার ঝুলন্ত দেহ উদ্ধার হওয়ায় চাঞ্চল্য ছড়িয়েছে।

৪) মধ্যশিক্ষা পর্ষদ রাজ্যের স্কুলগুলোর দ্বিতীয় ও তৃতীয় সামেটিভ এভালুয়েশন বা পর্যায়ক্রমিক মূল্যায়নের সূচী প্রকাশ করেছে।

৫) ইডেনে আজ প্রো টি টোয়েন্টি লিগে শিলিগুড়ি স্ট্রাইকার্স ৫ উইকেটে হারবার ডায়মন্ডকে হারিয়ে দিয়েছে।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, যোগব্যায়াম শুধুমাত্র শারীরিক কসরত নয়, এটি জীবনধারনের উপায়ও। আজ অন্ধ্রপ্রদেশের বিশাখাপত্তনমে বিশ্ব যোগ দিবসের মূল

অনুষ্ঠানে ভাষণে প্রধানমন্ত্রী বলেন, যোগাভ্যাস এখন আমাদের জীবনের গুরুত্বপূর্ণ অঙ্গ হয়ে উঠেছে। শান্তিময়, সুসমন্বিত এবং স্থিতিশীল বিশ্বের জন্য যোগকে আপন করে নেওয়ার আহ্বান জানান তিনি।

বাইট নরেন্দ্র মোদী

'এক পৃথিবী এক স্বাস্থ্যের জন্যে যোগ' এই ভাবনাকে সামনে রেখে সারা বিশ্ব ও দেশের সঙ্গে আজ এরাজ্যেও একাদশ যোগ দিবস যথাযথ উৎসাহ উদ্দীপনার সঙ্গে উদযাপিত হচ্ছে।

কলকাতার রাজভবনে বিশেষ যোগাভ্যাসের অধিবেশন অনুষ্ঠিত হয়। রাজ্যপাল সিভি আনন্দ বোসের পৌরহিত্যে এই অনুষ্ঠানে শিশু থেকে শুরু করে প্রবীণ নাগরিক পর্যন্ত ৪০০ জন অংশগ্রহণকারী যোগাভ্যাসে শামিল হন। রাজ্যপাল বলেন, সুস্থতার জন্য যোগ গুরুত্বপূর্ণ।

বাইট রাজ্যপাল

কলকাতার ন্যাশনাল ইনস্টিটিউট অফ হোমিওপ্যাথি ফুটবল গ্রাউন্ডে আন্তর্জাতিক যোগ দিবসে অংশ নেন বিজেপির রাজ্য সভাপতি এবং কেন্দ্রীয় প্রতিমন্ত্রী **সুকান্ত মজুমদার**। অন্যদিকে ইন্ডিয়ান মিউজিয়ামে আন্তর্জাতিক যোগ দিবস অনুষ্ঠানে অংশ নেন বিরোধী দলনেতা **শুভেন্দু অধিকারী** সহ বিজেপি পরিষদীয় দলের সদস্যরা। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বিরোধী দলনেতা বলেন, যোগ নিয়ে প্রধানমন্ত্রী যে পদক্ষেপ নিয়েছেন সারা বিশ্ব তাকে গ্রহণ করেছে।

ভিক্টোরিয়া মেমোরিয়াল প্রাঙ্গণে কলকাতার ডিরেক্টর অফ অর্ডিন্যান্স ও এনসিসির ৩১ বেঙ্গল ব্যাটেলিয়নের সহযোগিতায় যোগ দিবস পালিত হয়। এনসিসির প্রায় পাঁচশো ছাত্র ছাত্রী এ দিন বিশেষজ্ঞদের তত্ত্বাবধানে যোগ অভ্যাস করেন।

একাদশ আন্তর্জাতিক যোগ দিবস উপলক্ষে তথ্য ও সম্প্রচার মন্ত্রকের সেন্ট্রাল ব্যুরো অফ কমিউনিকেশন (সিবিসি)-এর কলকাতা আঞ্চলিক কার্যালয়ের উদ্যোগে তিন দিন ব্যাপী বিভিন্ন অনুষ্ঠানের আজ ছিল শেষ দিন। উত্তর কলকাতার ন্যাশনাল ইনস্টিটিউট ফর লোকোমোটর ডিসঅ্যাবিলিটিজ এর প্রাঙ্গণে আজ সকালে বিশেষ ভাবে সক্ষম বহু শিশু, তাদের অভিভাবকরা যোগাভ্যাসে অংশ নেন। অনুষ্ঠানে অংশ নেন প্রেস ইনফরমেশন ব্যুরোর প্রধান টি ভি কে রেড্ডি এবং এনআইএলডি-র অধিকর্তা ডক্টর ললিত নারায়ন।

কয়লা ও খনি মন্ত্রী জি কিষাণ রেড্ডি ECL-এর পশ্চিম বর্ধমানের ঝাঁঝরা কয়লা খনিতে এই উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে সকলের সঙ্গে যোগাভ্যাস করেন।

সল্টলেকের পূর্বাঞ্চলীয় সাংস্কৃতিক কেন্দ্র ইজেডসিসি আজ আন্তর্জাতিক যোগ দিবসের অনুষ্ঠানে বিশেষভাবে সক্ষম ছাত্রছাত্রীদের শামিল করে। অধিকর্তা আশিস গিরি বলেন, সামাজিক মূল্যবোধের পাশাপাশি সমগ্র জাতির স্বাস্থ্যের উন্নতির জন্য যোগ প্রয়োজনীয়।

বাইট আশিস গিরি

উত্তরবঙ্গের শিলিগুড়ি ও পার্বত্য এলাকাগুলিতেও ছিল যোগচর্চার ব্যস্ততা। বিএসএফের ৩২ নম্বর ব্যাটেলিয়ানের হেডকোয়ার্টার সীমানগরে এদিন বিএসএফের ১০০ জন জওয়ান ও অফিসার যোগাভ্যাস করেন।

আকাশবাণী কলকাতা সংবাদ বিভাগেও যোগাভ্যাসের মধ্য দিয়ে দিনটি পালিত হয়।

পূর্ব রেলের তরফে বেহালায় ইন্ডোর স্টেডিয়ামে যোগ দিবসের অনুষ্ঠানে অংশ নেন জেনারেল ম্যানেজার মিলিন্দ দেওসকর। বি আর সিং হাসপাতাল এবং হাওড়া

অর্থপেডিক হাসপাতালেও দিনটি পালিত হচ্ছে। শিয়ালদা ডিভিশনে যোগ দিবস উদযাপনে নেতৃত্ব দেন সিনিয়র ডিভিশনাল পার্সোনাল অফিসার সুন্দন সহায়।

মাই ভারত হুগলি ও আযুষ মন্ত্রকের সহযোগিতায় আটচালা গ্রুপের উদ্যোগে আজ বৈঁচিগ্রাম বীণাপানী স্কুলের মাঠে একাদশ যোগ দিবস উদযাপিত হয়েছে। ১০০র বেশি স্কুল পড়ুয়া অনুষ্ঠানে অংশ নেয়।

বিভিন্ন স্থানীয় ক্লাব ও স্বনির্ভর গোষ্ঠীগুলি যোগচর্চার পাশাপাশি স্বাস্থ্য ও সুস্থতা নিয়ে সচেতনতামূলক অনুষ্ঠানের আয়োজন করে।

-------------------------

নিম্নচাপজনিত বৃষ্টি ও ডিভিসির ছাড়া জলে রাজ্যের কয়েকটি জেলায় কৃষি জমি সহ বিস্তীর্ণ এলাকা জলমগ্ন। জরুরী ভিত্তিতে ত্রাণ সামগ্রীর সঙ্গে ক্ষতিগ্রস্তদের সহায়তা করতে রাজ্য সরকার ওই জেলাগুলির জন্য চার কোটি টাকা বরাদ্দ করেছে।

এদিকে, ডিভিসি, আজ দুর্গাপুর ব্যারাজ থেকে জল ছাড়ার পরিমাণ বাড়িয়েছে। দুপুর ২'টো থেকে ৭৭ হাজার ৮০০ কিউসেক জল ছাড়া হচ্ছে। শুক্রবার রাত থেকে আজ সকাল পর্যন্ত ডিভিসি দুর্গাপুর ব্যারাজ থেকে লাগাতার জল ছাড়ায় বেশ কয়েকটি জেলায় বন্যার আশঙ্কা দেখা দিয়েছে বলে রাজ্য সরকার জানিয়েছে। এই পরিস্থিতিতে মুখ্যমন্ত্রীর নির্দেশে রাজ্যের মুখ্যসচিব মনোজ পন্থ, ডিভিসি কর্তৃপক্ষকে রাজ্যকে না জানিয়ে জল না ছাড়ার বার্তা দিয়েছেন।

এদিকে, ঝাড়খন্ড, বিহার সীমান্তে বৃষ্টির পরিমাণ বেড়ে যাওয়ায় জলস্তর বাড়ছে দামোদর ও বরাকরে। পরিস্থিতি পর্যালোচনা করতে মুখ্যসচিব সেচদপ্তর এবং বিপর্যয় মোকাবিলা দপ্তরের সঙ্গে উচ্চ পর্যায়ের বৈঠক করেন। ডিভিসির সঙ্গে নিয়মিত সমন্বয় রক্ষার ওপর জোর দেওয়া হয়েছে।

এদিকে, পশ্চিম মেদিনীপুরের দাসপুরে প্লাবিত রাজনগর অঞ্চলে অত্যাধিক যাত্রী নিয়ে  নৌকো স্থানীয় একটি কালী মন্দিরে যাওয়ার সময় ডুবে যায়। তীরের কাছে এই ঘটনা ঘটায় বড়সড় দুর্ঘটনার থেকে রক্ষা পাওয়া গেছে। প্রাণহানির কোনো খবর নেই।

-------------------------

হুগলীর গোঘাটে বিজেপি নেতা শেখ বাকিবুল্লার ঝুলন্ত দেহ উদ্ধার হওয়ায় চাঞ্চল্য ছড়িয়েছে। পরিবারের তরফে হত্যার অভিযোগ করা হলেও পুলিশ জানিয়েছে, এই ঘটনা আত্মহত্যার। চূড়ান্ত রিপোর্ট এলে আরও সঠিকভাবে বলা সম্ভব হবে বলে প্রশাসনের তরফে জানানো হয়েছে।

উল্লেখ্য আজ সকালে নিজের বাড়ির দোতলায় বাকিবুল্লার ঝুলন্ত দেহ উদ্ধার হয়। তার দুই হাত দড়ি দিয়ে বাধা ছিল।

বিজেপি, এর পেছনে শাসকদলের হাত রয়েছে বলে আশঙ্কা প্রকাশ করেছে। দলের রাজ্যসভার সাংসদ তথা মুখপাত্র শমিক ভট্টাচার্য্য বলেন, এর আগেও একই কায়দায় বিজেপি কর্মীর মৃত্যু হয়েছে।

বাইট

-------------------------

বেকার যুবক যুবতীদের কর্মসংস্থানের দাবিতে প্রদেশ যুব কংগ্রেস আন্দোলন কর্মসূচির ডাক দিয়েছে। বিধান ভবনে আজ এক সাংবাদিক বৈঠকে রাজ্যে নিয়োগ দুর্নীতির বিষয়টিও তুলে ধরেন প্রদেশ যুব কংগ্রেসের নেতা-নেত্রীরা। নিয়োগ দুর্নীতির প্রতিবাদে প্রদেশ যুব কংগ্রেস আন্দোলন তীব্রতর করবে বলে জানানো হয়েছে।

-------------------------

মধ্যশিক্ষা পর্ষদ রাজ্যের স্কুলগুলোর দ্বিতীয় ও তৃতীয় সামেটিভ এভালুয়েশন বা পর্যায়ক্রমিক মূল্যায়নের সূচী প্রকাশ করেছে। এই মর্মে সম্প্রতি এক নির্দেশিকা জারি করে বলা হয়েছে, দশম শ্রেণীর তৃতীয় পর্যায়ক্রমিক মূল্যায়ন বা মাধ্যমিকের টেস্ট চলতি বছরের ৩রা নভেম্বর থেকে ১৩ই নভেম্বরের মধ্যে নিতে হবে। পাশাপাশি, আগামী ১ আগস্ট থেকে ৮ আগষ্টের মধ্যে ষষ্ঠ থেকে দশম শ্রেণীর দ্বিতীয় পর্যায়ক্রমিক মূল্যায়ন এবং ষষ্ঠ থেকে নবম শ্রেণী পর্যন্ত তৃতীয় পর্যায়ক্রমিক মূল্যায়ন আগামী ১লা থেকে ১০ ডিসেম্বরের মধ্যে স্কুলগুলোকে সম্পন্ন করার নির্দেশ দেওয়া হয়েছে।

-------------------------

রাজ্য সরকার জন্ম ও মৃত্যুর শংসাপত্র জালিয়াতির ঘটনায় কড়া পদক্ষেপ নিচ্ছে। জেলার কোনও রেজিস্ট্রার বা সাব-রেজিস্ট্রারকে এই কাজে নিযুক্ত করে আগে স্বাস্থ্য দফতরের অধীন রাজ্যের মুখ্য রেজিস্ট্রারের অনুমোদন নিতে হবে বলে সমস্ত জেলা প্রশাসনকে নির্দেশ পাঠানো হয়েছে ।

সম্প্রতি একাধিক জেলায় ভুয়ো জন্ম ও মৃত্যুর শংসাপত্র তৈরির ঘটনা সামনে আসার পরই এই নির্দেশ জারি হল। নির্দেশে বলা হয়েছে, জন্ম ও মৃত্যুর শংসাপত্র নথিবদ্ধ করার কাজে নিযুক্ত রেজিস্ট্রার বা সাব-রেজিস্ট্রারদের নাম, মোবাইল নম্বর ও ইউজার আইডি মুখ্য রেজিস্ট্রারের দফতরে জমা দিতে হবে।

এদিকে, দক্ষিণ ২৪ পরগণার গোসাবার পাঠানখালি গ্রাম পঞ্চায়েত থেকে দেওয়া জন্ম-মৃত্যু সংক্রান্ত ৫১০ টি ভুয়ো শংসাপত্র বাতিল করার জন্য জেলা প্রশাসন চিফ রেজিস্ট্রার অফ বার্থ অ্যান্ড ডেথসকে চিঠি দিয়েছে।

-------------------------

মানসিক অসুস্থতা থেকে সেরে ওঠা নাগরিকদের পুনর্বাসনে পাশে দাঁড়াতে রাজ্য সরকার চালু করেছে 'প্রত্যয়ী হোম'। বিধানসভায় সম্প্রতি এক প্রশ্নের উত্তরে রাজ্যের নারী ও শিশু কল্যাণ দপ্তরের মন্ত্রী শশী পাঁজা একথা জানিয়েছেন। তিনি বলেন, কলকাতা ও বহরমপুরে ইতিমধ্যেই দুটি প্রত্যয়ী হোম চালু হয়েছে। সুস্থ হয়ে ওঠার পরেও যাঁরা পরিবারে ফিরতে পারেন না, তাঁদের সামাজিক সুরক্ষার কথা মাথায় রেখেই এই হোম তৈরি করা হয়েছে।

-------------------------

রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোস বিশ্ব সঙ্গীত দিবস উপলক্ষে শুভেচ্ছা জানিয়েছেন। এক বার্তায় তিনি বলেন, সঙ্গীত এমন এক মাধ্যম যা ধর্ম, বিশ্বাস এবং সামাজিক অবস্থান নির্বিশেষে মানুষের হৃদয়কে স্পর্শ করে।

-------------------------

উত্তর ২৪ পরগণার বেলঘরিয়ায় একটি রাসায়নিক গ্যাস কারখানায় বিষাক্ত গ্যাসে ২ শ্রমিকের মৃত্যু হয়েছে। জানা গেছে গতকাল শালপাতা বাগান এলাকায় ওই রাসায়নিক কারখানায় কাজ করতে গিয়েছিলেন শ্রমিকরা। একটি ড্রামে থাকা কেমিক্যাল পরিষ্কার করতে গিয়ে বিষাক্ত গ্যাসে রবিন আইচ এবং সুরজিত মাইতি নামের দুই শ্রমিকের মৃত্যু হয়। অসুস্থ হয়ে পড়েন বেশ কয়েকজন। তাদের একজনের অবস্থা আশঙ্কাজনক। তাদের চিকিৎসা চলছে সাগর দত্ত মেডিকেল কলেজ ও হাসপাতালে।

-------------------------

ইডেনে আজ বেঙ্গল প্রো টি টোয়েন্টি লিগে শিলিগুড়ি স্ট্রাইকারস পাঁচ উইকেটে হারবার ডায়মন্ডকে হারিয়ে দিয়েছে।

সল্ট লেকের যাদবপুর বিশ্ববিদ্যালয়ের মাঠে মহিলাদের ম্যাচে স্মাশারস মালদা **১১** রানে মুর্শিদাবাদ কুইন্সকে এবং হারবার ডায়মন্ড দুই উইকেটে শিলিগুড়ি স্ট্রাইকারসকে পরাজিত করেছে।

------------------------ ------------------------